দৈনিক খবর

তারিখ 3 DEC 1988
পৃষ্ঠা ৬ কলাম ৫

45

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের খবর

### উপাচার্যের ওপর রুলনিশি জারি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক এবং কক্সবাজার সরকারী কলেজের অধ্যক্ষের ওপর বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি আব্দুল মতিন খান চৌধুরী ও বিচারপতি নঈমুদ্দিন আহমেদের সমন্বয়ে গঠিত বেঞ্চ একটি রুলনিশি জারি করেছেন।

কক্সবাজার সরকারী কলেজের বি কম (রেফার্ড) পরীক্ষার্থী নিরুপম পাল ও আনিসুল হক চৌধুরীর এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট বিভাগ উক্ত আবেদনটি শুনানির জন্যে গ্রহণ করেন। পরীক্ষার্থীদ্বয় তাদের আবেদনে বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে বহিস্কারের কার্যক্রম গ্রহণ করেছে, এই অজুহাতে কলেজ কর্তৃপক্ষ বি কম (রেফার্ড) পরীক্ষার ফিস গ্রহণ করেননি।

মাননীয় বিজ্ঞ আদালত রীট আবেদনটি শুনানির জন্যে গ্রহণ করেন এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদেরকে পরীক্ষা দানের সুযোগ দেয়ার জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

বিচারপতিদ্বয় এ মর্মে রুলনিশি জারি করেছেন যে, আবেদনকারীদের বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ কেন বেআইনী বলে ঘোষিত হবে না তা চার সপ্তাহের মধ্যে কারণ দর্শাতে হবে বলে জানিয়েছেন। আদালত একথাও বলেছেন যে, রীট আবেদনটির নিষ্পত্তির ওপরই আবেদনকারীদের পরীক্ষার ফলাফল ঘোষণা নির্ভর করবে।

### কর্মচারীদের হরতাল পালন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর কর্মচারীরা ৪ দফা দাবী আদায়ের লক্ষ্যে সম্প্রতি তিনদিন ব্যাপী হরতাল পালন করেছে। ইতিপূর্বে আরো দুইবার কর্মচারী সমিতি আহূত হরতাল পালিত হয়েছে।

সম্প্রতি পালিত হরতারের শেষে বিশ্ববিদ্যালয়ের ভিসি অফিসের সামনে একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি নূর বক্স মিয়া।

### পরীক্ষার্থী অপহরণ

চট্টগ্রামের এমইএস কলেজের ছাত্র বি কম পরীক্ষার্থী মোস্তফা নাজিমকে সম্প্রতি বিশ্ববিদ্যালয় কেন্দ্র থেকে পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে সশস্ত্র দুর্বৃত্তরা অপহরণ করেছে। এ ব্যাপারে হাটহাজারী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

ইসলামী ছাত্রসেনা চট্টগ্রাম মহানগর, উত্তর, দক্ষিণ এবং বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকদ্বয় এক যুক্ত বিবৃতিতে বি কম পরীক্ষার্থী ও ছাত্রসেনা কর্মী মোস্তফা নাজিমের অপহরণকারীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেছে।

### বাণিজ্য অনুষদের সেমিনার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাণিজ্য অনুষদের উদ্যোগে সম্প্রতি সপ্তাহব্যাপী 'কম্পিউটার কোর্স' সম্পর্কিত এক সেমিনার অনুষ্ঠিত হয়।

কলা অনুষদের ১ নং গ্যালারীতে অনুষ্ঠিত এ সেমিনারের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিন। সভায় সভাপতিত্ব করেন ডঃ নূরুল ইসলাম। একে সালাউদ্দিন আহম্মদ, অধ্যাপক শাহ আলম প্রমুখ বক্তৃতা করেন।

### পরীক্ষার তারিখ পরিবর্তন

বিশ্ববিদ্যালয়ের এম এ শেষ পর্বের (১৯৮৭) এবং আইন শেষ পর্বের পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে।

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এম এ শেষ পর্বের পরীক্ষা পূর্বঘোষিত তারিখের পরিবর্তে আগামী বছরের ১৮ই জানুয়ারী এবং আইনের পরীক্ষা ২৫শে জানুয়ারী অনুষ্ঠিত হবে।

বাংলা বিভাগের এম এ শেষ বর্ষের ছাত্র ছাত্রীরা সম্প্রতি শিক্ষা সফর শেষে বিভাগীয় সভাপতি ডঃ খালেদা হানুস-এর সভাপতিত্বে একটি পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ডঃ মনিরুজ্জামান, ডঃ লায়লা জামান, নূরুল আমিন, মহীবুল আজিজ প্রমুখ বক্তৃতা করেন।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় চত্বরে জাতীয়তাবাদী ছাত্রদলের এক কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি আসাদুজ্জামান রিপন, ছাত্রনেতা এ কে এম হাফিজুল হক যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

—মোতাহার হোসেন